



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় সমবায় কার্যালয়
সাধারণ বীমা ভবন, সিএন্ডবি মোড়, রাজশাহী
অডিট, আইন ও সমিতি শাখা
www.coop.rajshahidiv.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.২৪৩.১১.০০০১.২৪.১৬

তারিখ: ২৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: সমবায় সমিতিতে কর্মচারী নিয়োগ এবং চাকরি বিধি অনুমোদন প্রসঙ্গে।

সমবায় সমিতির কার্যক্রম পরিচালনার জন্য কর্মচারী নিয়োগের সুযোগ রয়েছে। এ সকল কর্মচারী নিয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর বিধি ৪৬(৩) এ বিধান প্রযোজ্য। এ বিধান থাকা সত্ত্বেও সমবায় সমিতিগুলোতে সমবায় সমিতি আইন-বিধিমালা উপেক্ষা করে কর্মচারী নিয়োগ করা হয়েছে। নিয়োগকৃত কর্মচারীদের জন্য কোন অনুমোদিত চাকরি বিধি নাই। আইনবিধি মোতাবেক কর্মচারী নিয়োগ না হওয়া এবং অনুমোদিত চাকরি বিধি ব্যতিরেকে ইচ্ছেমত বেতন-ভাতা প্রদান করা হচ্ছে। এতে আইন-বিধি যেমন লংঘিত হচ্ছে তেমনি সাধারণ সদস্যদের স্বার্থ চরমভাবে ক্ষুণ্ণ হচ্ছে। সমস্যার সমাধান কল্পে সকল সমবায় সমিতিতে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো।

১। যে সকল সমিতিতে বেতনভুক্ত কর্মচারী আছে সে সকল সমিতিতে পত্র জারির ৬ মাসের মধ্যে বিধি ৪৬ অনুসরণপূর্বক কর্মচারীদের জন্য প্রযোজ্য 'চাকরি বিধি প্রণয়ন ও সাধারণ সভার অনুমোদন গ্রহণ এবং প্রযোজ্য ক্ষেত্রে নিবন্ধকের অনুমোদন গ্রহণ করতে হবে। অনুমোদিত চাকরি বিধির ব্যতিরেকে কর্মচারীর বেতন-ভাতা খাতে ব্যয়ের অবৈধ হবে।

২। প্রত্যেক সমিতিতে একজন নির্বাহী কর্মকর্তা নিয়োগ করতে হবে, যিনি ব্যবস্থাপনা কমিটির নিয়ন্ত্রণে ও সিদ্ধান্তে সমিতির পক্ষে বিধি ৫১ ও ৫২ মোতাবেক 'নির্বাহী কর্মকর্তা হিসেবে ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন। কোন সমিতিতে কর্মচারী না থাকলে ব্যবস্থাপনা কমিটি সভাপতি বা সম্পাদককে সাধারণ সভার মাধ্যমে 'নির্বাহী কর্মকর্তার দায়িত্ব প্রদান করতে হবে যিনি বিধি ১৬০ মোতাবেক নিবন্ধকের নির্দেশনা প্রতিপালনের জন্য দায়ী থাকবেন।

৩। উপরে প্রদত্ত নির্দেশনা পরিপালন করা না হলে তা হবে একটি অপরাধ এবং বিধি লংঘন ও নিবন্ধকের আদেশ অমান্য যা নিবন্ধকের শর্ত ভঙ্গ।

০৭-০১-২০২৬
মোঃ মোখলেছুর রহমান
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক
০২৫৮৮৮৫৫৫৪৬
jr.rajshahi@coop.gov.bd

সভাপতি/ সম্পাদক

..... (সকল) সমবায় সমিতি লিঃ।

স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.২৪৩.১১.০০০১.২৪.১৬/১ (৩)

তারিখ: ২৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নিবন্ধক ও মহাপরিচালক, নিবন্ধক ও মহাপরিচালকের দপ্তর, সমবায় অধিদপ্তর।
- ২। জেলা সমবায় কর্মকর্তা (সকল), রাজশাহী বিভাগ।
- ৩। উপজেলা সমবায় কর্মকর্তা (সকল), রাজশাহী বিভাগ। সকল সমিতিতে বিতরণ করার জন্য বলা হলো।।



A handwritten signature in blue ink, appearing to be 'মোঃ মোখলেছুর রহমান'.

০৭-০১-২০২৬

মোঃ মোখলেছুর রহমান
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক